



শ্রী রঞ্জিত কুমার দাস
সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সচিব শ্রী রঞ্জিত কুমার দাস বিসিএস(প্রশাসন) ক্যাডারের একজন সদস্য এবং সরকারের যুগ্ম-সচিব। কৃষি অর্থনীতিতে সম্মান সহ স্নাতক ও কৃষি অর্থ সংস্থানে বিষয়ে স্নাতোকত্তোর ডিগ্রীধারী এ কর্মকর্তা ১৯৯১ সালের ১২ ডিসেম্বর দশম বিসিএস এর মাধ্যমে তার কর্মজীবন শুরু করেন। কর্মজীবনে তিনি সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট, এডিএলজি, উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক এবং ডিডিএলজি হিসাবে মার্চ প্রশাসনে ২২(বাইশ) বৎসর কর্ম সম্পাদন করেছেন।

তিনি বিগত ২৩/০৪/২০১৭ তারিখে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সচিব হিসেবে কার্যভার গ্রহণ করেন। এ পদে যোগদানের পূর্বে তিনি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব হিসাবে দায়িত্ব পালন করেন।

তিনি সরকারী ও প্রশিক্ষণের কাজে ভিয়েতনাম, সিঙ্গাপুর, ইংল্যান্ড, শ্রীলঙ্কা, হংকং, দক্ষিণ কোরিয়া, স্কটল্যান্ড, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, তাজাকিস্তান ও মালয়েশিয়া ভ্রমণ করেছেন।

ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত। তার নিজ জেলা জামালপুর। দু-সন্তানের জনক এ কর্মকর্তা বাংলাদেশ বেতারের তালিকা ভুক্ত 'এ' ক্যাটাগরির একজন রবীন্দ্র সঙ্গীত শিল্পী।